

129

ঢাকা বিশ্ববিদ্যালয় ও অস্ত্র
উপরোক্ত শিরোনামে ১২ই
সেপ্টেম্বর ১৯৮৭, ২৬শে ভাদ্র
১৩৯৪ তারিখে আপনার পত্রি-
কায় প্রকাশিত জনাব সৈয়দ
আলী কবিরের লেখাটির জন্য
আন্তরিক ধন্যবাদ। লেখাটির
সারাংশ এই যে অস্ত্র ব্যবহার-
জনিত মর্ঘটনায় অনিদিষ্টকালের
জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ হওয়া
(২-এর পাতায় দেখুন)

চিঠিপত্র
(৪র্থ পাতায় পূর্ব)

সমীচীন নয়। কিন্তু তবুও
হচ্ছে, কেন হচ্ছে তার কারণ
আমাদের জানার অবশ্যই দর-
কার আছে। কিছু দিন পূর্বে
উপাচার্য মহোদয় সাংবাদিকদের
বলেছেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন
অপরাধী ছাত্রদের শুধু বহিস্কার
করার ক্ষমতা রাখেন, বেশ ভাল
কথা, এ ক্ষমতা এ যাবৎ কোথাও
প্রয়োগ হয়েছে কি? একই দিনে
চিঠিপত্রের কলামে ঢাকা বিশ্ব-
বিদ্যালয়ের মঞ্চলেক্তর মহান
তরুণ লিখেছেন ৩ বছরের অনার্স
কোর্স ৭ বছরেও শেষ হয়নি।
এ জন্য দায়ী কে?

যাই হোক বিশ্ববিদ্যালয় কত
পক্ষের নিকট আমাদের আবেদন
“পাঠ পাত্তরদের” বিশ্ববিদ্যালয়
থেকে উৎখাত করে শিক্ষার
পরিবেশ ফিরিয়ে আনুন যাতে
আর কোন মায়ের লজ্জান বিশ্ব-
বিদ্যালয় থেকে লোপ হয়ে না
যারে।

মুহম্মদ আবদুল গাভার খান,
ফলছড়ি, গাইবান্ধা।